

ইস্টার্ন ইউনিভার্সিটিতে ‘৩৮তম ইন্টা ইউনিভার্সিটি প্রোগ্রামিং কনটেস্ট’ ও ‘প্রজেক্ট শোকেস কম্পিটিশন’ অনুষ্ঠিত হয়েছে। বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ (সিএসই) এ প্রতিযোগিতার আয়োজন করে।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ সম্মেলনে এ তথ্য জানানো হয়। প্রোগ্রামিং কনটেস্টে ২৬টি ও প্রজেক্ট শোকেস কম্পিটিশনে ১২টি দল অংশ নেয়। তাঁদের মধ্যে প্রোগ্রামিংয়ে চ্যাম্পিয়ন হয়েছে টিম ‘ইইউ ড্রাগন’। এই দলের সদস্যরা হলেন আবদুল কাইয়ুম ও রাজু মোল্লা। প্রথম রানার আপ হয়েছে মো. আশিকুর রহমান, প্রসেনজিৎ পল ও মো. কামরুল হাসানের দল ‘ইইউ ওয়ারিয়র্স’। দ্বিতীয় রানার আপ হয়েছে রাকিব মিয়া, আহসান আমিন ও মো. সিফাত খানের দল ‘ইইউ এক্সট্রামিনেটর্স’।

প্রজেক্ট শোকেস কম্পিটিশনে চ্যাম্পিয়ন হয়েছে ‘এয়ারপোর্ট সিকিউরিটি সিস্টেম’। এর আবিষ্কারক ইসরাত জাহান, রিজু আহমেদ ও ইয়াকুব রাব্বি। প্রথম রানার আপ হয়েছে ‘স্মার্ট রুম অটোমেশন’। এর আবিষ্কারক শাহীন আলম রবিন, আশিকুর রহমান রিফাত ও ইফতেখার জামান মাহা। ‘অটোমেটেড ওয়াটার ট্যাংক মিনটরিং সিস্টেম’ ও ‘মাই ডিজিটাল রুম’ যৌথভাবে দ্বিতীয় রানার আপের পুরস্কার পায়। এই দুটি দলে আছেন মো. কামরুল হাসান, মির্জা আলামিন হোসেন এবং ব্রাজিল সিং।

ইস্টার্ন ইউনিভার্সিটি চত্বরে প্রদর্শিত প্রজেক্টগুলো ঘুরে দেখেন উপাচার্য অধ্যাপক সহিদ আকতার হুসাইন। তিনি শিক্ষার্থীদের আবিষ্কার দেখে উচ্ছাস প্রকাশ করেন। পরে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ফ্যাকাল্টি অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির ডিন অধ্যাপক মাহফুজুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের চেয়ারপারসন মুহাম্মদ মাহফুজ হাসান।